

মেট্রোরেল শিক্কার্থী ও পেশাজীবীদের জন্য বিশেষ সার্ভিস চালু

- A Monitor Desk Report

Date: 08 November, 2023



ঢাকা: শিক্কার্থী ও পেশাজীবীদের জন্য বিশেষ সার্ভিস চালু করেছে মেট্রোরেল কর্তৃপক্ষ। শক্রবার ছাড়া প্রতিদিন সকালে বিশেষ দুটি ট্রেন উত্তরা থেকে ছেড়ে যাবে।

মঞ্জলবার (৭ নভেম্বর) এমআরটি লাইন-৬ উপপ্রকল্প পরিচালক (গণসংযোগ) তরফদার মাহমুদুর রহমান স্বাক্ষরিত প্রেস বিজ্ঞপ্তিতে একথা জানানো হয়।

আরও পড়ুন: [চলতি মাসেই ঢাকা - সুন্দরবন - কলকাতা ক্রুজ চালু হচ্ছে](#)

বিজ্ঞপ্তিতে বলা হয়, সকাল ৭টা ১০ মিনিটে এবং সকাল ৭টা ২০ মিনিটে উত্তরা উত্তর মেট্রোরেল স্টেশন থেকে দুটি মেট্রো ট্রেন মতিঝিলের উদ্দেশ্যে ছেড়ে যাবে। ট্রেন দুইটি বর্তমানে চালু সকল মেট্রোরেল স্টেশনে থামবে।

এই মেট্রো ট্রেন দুইটিতে শুধু এমআরটি/র্যাপিড পাস ব্যবহার করে ভ্রমণ করা যাবে।

-B